দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ৪

# সিলেট ভেটেরিনারী
## সুষ্ঠু পরিবেশ ফিরানোর দাবী ॥ ৩০ ছাত্রের বিবৃতি

সিলেট অফিস ॥ সরকা[রি]
ভেটেরেনারী কলেজের ৩০ জ[ন]
ছাত্র এক বিবৃতিতে অভিযো[গ]
করিয়াছেন যে, বহিষ্কৃত তিন ছাত্রে[র]
সন্ত্রাসের কারণে তাহারা চর[ম]
নিরাপত্তাহীনতায় ভুগিতেছেন
কিছুদিন পূর্বে দুইজন অফি[স]
সহকারী ও একজন শিক্ষককে
লাঞ্ছিত করার কারণে প্রথম ব্যাচে[র]
ছাত্র হারান, রাসেল ও বাদলকে
কলেজ কর্তৃপপক্ষ বহিষ্কার করেন।
ইতিমধ্যে তাহাদের সন্ত্রাসের কারণে
বার বার কলেজের প্রশাসনিক ও
শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়।

বহিষ্কারের পর তাহারা হোস্টেলে
স্থান নেয় এবং বহিষ্কারাদেশ প্রত্যা[হা]
রের জন্য কর্তৃপক্ষকে চাপ দিতে
থাকে। বিবৃতিতে সাধারণ ছাত্ররা
[ব]লেন বহিষ্কৃত ছাত্ররা আন্দোলনে
[না]মার জন্য চাপ ও ভয়-ভীতি প্রদ-
র্শন করে এবং অস্ত্রের মুখে সবার
[স্বা]ক্ষর আদায় করিয়া দুইদিনের
ছাত্র ধর্মঘটের ডাক দেয়। তাই
সাধারণ ছাত্র-ছাত্রীরা ক্লাস ও পরী-
ক্ষায় অংশ নিতে পারে নাই।

তাহারা উল্লেখ করেন কলেজে চরম
অরাজকতা ও বিশৃঙ্খল পরিবেশ
বিরাজ করিতেছে। প্রবেশ নিষিদ্ধ
করা হইলেও তাহাদের সন্ত্রাসী
কর্মকাণ্ডে প্রশাস নির্বিকার। থানায়
সুস্পষ্ট মামলা থাকিলেও পুলিশ
তাহাদের গ্রেফতার করিতেছেনা।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে
[র]হিয়াছেন মাহমুদুল হক, কামরুল
[আ]লম, আব্দুস সামাদ মিয়া, ইসমা-
[ই]ল হোসেন, আজিজুল হক বাবলু,
[ম]হসান হাসান, কাওসার আলী,
[শ]ফেকুর রহমান প্রমুখ।